

ডকুমেন্টেশন কেন্দ্র
তারিখ 01 FEB 1989
পৃষ্ঠা 1 কলাম 3
28



গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংগ্রাম পরিষদের নির্বাচনী প্রচারণা মিছিল। —সংবাদ



ঢাকা বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্রদলের নির্বাচনী প্রচারণা মিছিল। —সংবাদ

# ডাকসু নির্বাচনে প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

আসন্ন ডাকসু নির্বাচনে ২০টি পদের জন্য প্রার্থীদের চূড়ান্ত তালিকা গতকাল মঙ্গলবার প্রকাশ করা হয়েছে। শেষ মুহূর্তের বাছাইয়ে একজন সমাজসেবা সম্পাদক ও একজন সদস্য পদপ্রার্থীর মনোনয়নপত্র বাতিল হয়ে যাওয়ায় চূড়ান্ত প্রার্থী সংখ্যা দাঁড়িয়েছে ১৮৪-তে। হল সংসদগুলোর বিভিন্ন পদের জন্য প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রতিটি হলে টাঙিয়ে দেয়া হয়েছে।

অন্যদিকে ছাত্র সংগ্রাম পরিষদ সকল হলে তাদের প্যানেল চূড়ান্ত করেছে। আজ সকাল

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ডাকসু

(১ম পাতার পর)

১১টায় ডাকসু ভবনে আহূত এক সাংবাদিক সম্মেলনে পরিষদের ডাকসু ও হল সংসদগুলোর সকল প্যানেল আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হবে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, পরিষদভুক্ত সংগঠনগুলোর মধ্যে ১৩টি হল সংসদের সহ-সভাপতি ও সাধারণ সম্পাদকের ২৬টি পদ যেভাবে বণ্টন করা হয়েছে তা হচ্ছে ছাত্রলীগ (সু-র) ৪টি সহ-সভাপতি ও ৪টি সাধারণ সম্পাদক, ছাত্রলীগ (মু-না) ৫টি সহ-সভাপতি ও ৩টি সাধারণ সম্পাদক, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ৪টি সহ-সভাপতি ও ২টি সাধারণ সম্পাদক, জাতীয় ছাত্র লীগ ২টি সাধারণ সম্পাদক এবং বিপ্লবী ছাত্রমৈত্রী ও সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট একটি করে সাধারণ সম্পাদক পদ পেয়েছে। এই সংগঠনগুলোর বাইরে বাংলাদেশ ছাত্র ঐক্য সমিতি এবং গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন কোন কোন হলে কয়েকটি সম্পাদক ও সদস্যপদ পেয়েছে।